**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মন্ত্রিপরিষদ বিভাগ**

শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ আয়োজন সংক্রান্ত কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এন. এম. জিয়াউল আলম<br>সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ। |
| তারিখ | : | ০১ নভেম্বর ২০১৮, বৃহস্পতিবার |
| সময় | : | সকাল ৯.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষ |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

১.০। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বিধি) সভার কার্যপত্র উপস্থাপন করেন। এ বছর জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০ জানুয়ারি ২০১৮ তারিখে শুরু হয়ে ১৫ মার্চ ২০১৮ তারিখে সমাপ্ত হয়েছে। এছাড়া ২৬ মার্চ ২০১৮ তারিখে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রধানমন্ত্রীর উপস্থিতিতে দেশে ও বিদেশে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি পালিত হয় এবং মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় পর্যায়ে বিজয়ী ১১টি দলের ১১ জন দলনেতাকে পুরস্কার প্রদান করেন মর্মে সভাকে অবহিত করা হয়। জাতীয় পর্যায়ে বিজয়ী ১১টি দলের অবশিষ্ট ৯৯ জনকে পুরস্কার প্রদানের বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, ঢাকা ব্যতিত অন্যান্য বিভাগের বিজয়ীদের পুরস্কার প্রদান বিভাগীয় কমিশনারের মাধ্যমে সম্পন্ন হয়েছে এবং ঢাকা বিভাগের বিজয়ীদের পুরস্কার বাংলাদেশ শিল্পকলা একাডেমি অতিশীঘ্র প্রদান করবে। সভাপতি সকলকে অবহিত করেন যে গত ২৪ জুলাই ২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত জেলা প্রশাসক সম্মেলন-২০১৮ এর উদ্বোধন অনুষ্ঠানে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শুদ্ধসুরে জাতীয় সংগীত চর্চার বিষয়টি অব্যাহত রাখার লক্ষ্যে এই প্রতিযোগিতা প্রতি বছর অনুষ্ঠানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সদয় নির্দেশনা প্রদান করেন। এই পরিপ্রেক্ষিতে ২০১৮ সালের ন্যায় ২০১৯ সালেও দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের কার্যক্রম শুরু করা হয়েছে। উক্ত প্রতিযোগিতা সুষ্ঠু ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা প্রয়োজন মর্মে সভাপতি উল্লেখ করেন। সভাপতির অনুরোধের পরিপ্রেক্ষিতে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে সভায় উপস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তাগণ তাঁদের মতামত ও পরামর্শ ব্যক্ত করেন।

২.০। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ হয়:

২.০১। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এ বছর সম্পন্ন জাতীয় সংগীত প্রতিযোগিতার জাতীয় পর্যায়ে বিজয়ীদের মধ্যে যারা এখনো পুরস্কার পাননি তাদের পুরস্কার প্রদান সম্পন্ন করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে।

২.০২। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সকল উপজেলা, জেলা ও বিভাগীয় পর্যায়ে তাদের স্ব স্ব দপ্তরসমূহকে এ কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয়ভাবে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে অবিলম্বে যথাযথ নির্দেশনা প্রদান করবে।

২.০৩। এটুআই প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ জাতীয় তথ্য বাতায়নের সকল পোর্টালে (মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল বাতায়নে) বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক সরবরাহকৃত জাতীয় সংগীতের অডিও, মিউজিক ট্র্যাক ও পাঠ যা মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের হোমপেজে রয়েছে তা সংযুক্ত করার ব্যবস্থা করবে।

২.০৪। মন্ত্রিপরিষদ বিভাগ হতে ১৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখে জারিকৃত পরিপত্র অনুযায়ী ২০১৯ সালের জানুয়ারি-মার্চ পর্যন্ত ইউনিয়ন, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

২.০৫। দুর্গম ও প্রত্যন্ত অঞ্চলের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে বিভাগীয় কমিশনারগণ মনিটরিং করবেন।

২.০৬। পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন বা বাংলাদেশ কমিউনিটি কর্তৃক পরিচালিত স্কুলসমূহে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

২.০৭। প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজন করতে হবে। সেক্ষেত্রে বেসরকারি বিদ্যালয়, কিন্ডার গার্টেন, ইংলিশ ভার্সন, ইংলিশ মিডিয়াম স্কুল, ইবতেদায়ী ও কওমি মাদ্রাসা এবং এনজিও পরিচালিত স্কুলসমূহের শুদ্ধভাবে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ যথা: প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ প্রয়োজনীয় নিদের্শনা প্রদান করবে।

২.০৮। সারাদেশে আয়োজিত জাতীয় সংগীত প্রতিযোগিতার বিচার কার্যক্রম সুষম করার লক্ষ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমি জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতার বিচারের বিষয় এবং বিচারের মানদন্ড নির্ধারণ করবে।

২.০৯। জাতীয় সমন্বয় কমিটিতে অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ এবং অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক), মন্ত্রিপরিষদ বিভাগকে কো-অপট্ করার সিদ্ধান্ত হয়।

২.১০। মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব (বিধি) ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে কর্মসূচিটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত এ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য সম্ভাব্য বাজেট প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করবে।

২.১১। মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা অনুসারে (ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে কর্মসূচিটি বাস্তবায়ন এবং এ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য অর্থ বিভাগ প্রয়োজনীয় অর্থ ছাড় করবে।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এন. এম. জিয়াউল আলম)
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
**ফোন:** ৯৫১৩৪৩৩
**ই-মেইল:** secy_cnr@cabinet.gov.bd

২৬ কার্তিক ১৪২৫

নম্বর: ০৪.০০.০০০০.৪২৩.২২.০০৩.১৮. ১২৬ তারিখ:--------------------

০৭ নভেম্বর ২০১৮

বিতরণ *(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)*:

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।
৪. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৫. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৬. সচিব, তথ্য মন্ত্রণালয়।
৭. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।
৮. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৯. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
১০. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
১২. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
১৩. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৫. অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
১৬. অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন/কমিটি ও অর্থনৈতিক), মন্ত্রিপরিষদ বিভাগ।
১৭. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
১৮. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি।
১৯. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।
২০. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ।
২১. যুগ্মসচিব, বিধি ও সেবা, মন্ত্রিপরিষদ বিভাগ।
২২. জেলা প্রশাসক, ঢাকা।
২৩. পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি।

অনুলিপি অবগতি/কার্যার্থে:

১। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব, সমন্বয় ও সংস্কার-এর একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।

৭.১১.২০১৮

(মোঃ সাইদুর রহমান)
উপসচিব
**ফোন:** ৯৫৭৫৪৪৬
**ই-মেইল:** sayeed6632@gmail.com

শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ এবং ২৬ মার্চ সারাদেশে ও বিদেশে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচি আয়োজন উপলক্ষ্যে ০১-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত কেন্দ্রীয় সমন্বয় কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ:

| ক্রমিক | নাম, পদবি ও মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | অফিস ফোন ও মোবাইল | ই-মেইল |
|---|---|---|---|
| ১. | মাসুদ আহমেদ<br>অতিরিক্ত সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | ০১৭১৫ ১১২০২৮ | addl-dfo@cabinet.gov.bd |
| ২. | কাউসারুল আলম<br>যুগ্মসচিব,<br>মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় | 01715-186649 | Kausar1958@gmail.com |
| ৩. | ড. তরুণ কান্তি শিকদার<br>অতি: সচিব (প্রশাসন) | 01711-148537 | dsikder@yahoo.com |
| ৪. | সাজেদ আকবর<br>সহযোগী সম্পাদক<br>বাংলাদেশ রবীন্দ্র সংগীত শিল্পী সংস্থা | 01732802928 | sajed_kbr@yahoo.com |
| ৫. | লাইসা আহমদ লিসা<br>সাধারণ সম্পাদক, ছায়ানট<br>ও চেয়ারম্যান, জাতীয় রবীন্দ্রসংগীত সম্মিলন পরিষদ | 01711591577 | lisapp2586@yahoo.com |
| ৬. | মো: ফয়জুর রহমান ফারুকী<br>যুগ্মসচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। | ০১৯১১৭৪৮০৮০ | faizerfaruqui63@yahoo.com |
| ৭. | ড. কাজী আসাদুজ্জামান<br>পরিচালক (সংগীত)<br>বাংলাদেশ শিল্পকলা একাডেমি | 01713333230 | asadkazidr@yahoo.com |
| ৮. | সুরথ কুমার সরকার<br>উপমহাপরিচালক | ০১৭১১-১৫০০৭২ | surathsarker@gmail.com |
| ৯. | মোবাস্সেরা কাদেরী<br>পরিচালক<br>পররাষ্ট্র মন্ত্রণালয় | ০১৭১১৪৫৬৪৭০ | mobassera_kadery@yahoo.com |
| ১০. | সোহরাব হোসেন<br>যুগ্ম সচিব<br>স্থানীয় সরকার বিভাগ | ০১৫৫২৬৬৪১০৪ | shohrabhq@gmail.com |
| ১১. | ফৌজিয়া রহমান<br>অতিরিক্ত পরিচালক<br>মহাব্যবস্থাপক (মি: ও প্রশা:) | ০১৭১১৯১৪৭০৫ | fowzia_rahman@yahoo.com |

| ক্রমিক | নাম, পদবি ও মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর | অফিস ফোন ও মোবাইল | ই-মেইল |
|---|---|---|---|
| ১২. | শিবানী ভট্টাচার্য<br>যুগ্ম সচিব<br>মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | ০১৭১২০৭৭৭৩৬ | Shibanimou@yahoo.com |
| ১৩. | আনজীর লিটন<br>পরিচালক<br>বাংলাদেশ শিশু একাডেমী | ০১৭১৪০৮৮০৭৩ | anjirlitonbd@gmail.com |
| ১৪. | ড. ওয়াহেদ-উজ-জামান<br>যুগ্ম সচিব<br>কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | ০১৭২৬০২৭৩৬৪ | wahedz@gmail.com |
| ১৫. | মোঃ জাহাংগীর আলম<br>যুগ্ম সচিব<br>বন বিভাগ/অধিদপ্তর, পরিবেশ মন্ত্রণালয় | 01711803441 | bmajahangir5909@gmail.com |
| ১৬. | মাসুদুর পান্না<br>যুগ্মসচিব, পরিকল্পনা মন্ত্রণালয় | ৯৫৫০৭৮৭ | ~~pan~~ panna6082@hotmail.com |
| ১৭. | মোঃ সেলিম রেজা<br>অতিরিক্ত সচিব ও অতিরিক্ত বিভাগীয় কমিশনার; ঢাকা | 01711663136 | mr.selimreza@yahoo.com |
| ১৮. | একেএম মনোয়ার হোসেন আখন্দ<br>অতিরিক্ত সচিব<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, | 01711360490 | makhand14@yahoo.com |
| ১৯. | শফিউল আজিম।<br>যুগ্মসচিব।<br>মন্ত্রিপরিষদ বিভাগ। | 01716-491376 | 01.11.2018 |
| ২০. | রুম্মান আখতার খান<br>অতি: সচিব<br>জনপ্রশাসন মন্ত্রণালয় | 01712038534 | 01/11/18<br>rzummanakhter@yahoo.com |
| ২১. | মো: দৌলতুজ্জামান খান<br>উপসচিব ও-২১ | 01714083500 | doulutuzzamankhan@gmail.com. |
| ২২. | সুলেখা রাণী ঘোষ<br>যুগ্মসচিব, অর্থ বিভাগ | 01770202112 | sulekhabani8@gmail.com |
| ২৩. | মো. সাইদুর রহমান<br>উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | 01715242763 | sayeed6632@gmail.com |